

Department for Culture, Media and Sport



লাইসেন্সিং এ্যাক্ট ২০০৩  
(Licensing Act 2003)

নতুন লাইসেন্সিং আইন

আপনার ব্যবসাকে  
ঝুঁকিতে ফেলবেন না

আপনার নতুন  
লাইসেন্সের জন্য  
এখনই আবেদন করুন

## নতুন আইন কি আমার ব্যবসাতে প্রভাব ফেলবে?

যদি আপনি অথবা আপনার ব্যবসার মাধ্যমে:

- মদ বিক্রি করা হয়
- জনগনকে বিনোদন দেয়া হয়, যেমন লাইভ মিউজিক, থিয়েটার অথবা সিনেমা
- রাত 11টার পরে গরম খাবার অথবা পানীয় বিক্রি করা হয়

নিচের বিষয়গুলো থাকার পরেও আপনাকে নতুন লাইসেন্স অথবা সার্টিফিকেটের জন্য আবেদন করতে হবে:

- বর্তমানে আপনার একটা লাইসেন্স আছে
- আপনার লাইসেন্স নবায়ন করার সময় হয়নি
- বর্তমানে আপনার কোন লাইসেন্স দরকার নেই (যেমন গভীর রাত পর্যন্ত খোলা টেকএ্যাণ্ডয়েগুলি)

প্রতিটা ব্যবসা অথবা সংস্থাকে ব্যবসা চালানোর জন্য অবশ্যই নতুন লাইসেন্স নিতে হবে। কিছু ব্যবসা প্রতিষ্ঠানকে সর্বপ্রথমের মত লাইসেন্স নিতে হবে)

দেয়ী করবেন না - 24 নভেম্বর 2005 সালের আগে আপনাকে অবশ্যই নতুন লাইসেন্স নিতে হবে। আবেদন প্রক্রিয়াতে সময় লাগবে সুতরাং আপনাকে অবশ্যই এখনই আবেদন করতে হবে। আপনি যদি এটা ভবিষ্যতে করার জন্য রেখে দেন তাহলে আপনার ব্যবসা বন্ধ হয়ে যাওয়া অথবা বিচারের সম্মুখিন হওয়ার ঝুঁকি থাকে।

## আপনার যদি ইতিমধ্যে একটা লাইসেন্স থাকে:

আপনার বিদ্যমান লাইসেন্স সংরক্ষণের জন্য 6 আগস্টের ডেডলাইন শেষ হয়ে গেছে। আপনি যদি ব্যবসা চালাতে চান তাহলে আপনাকে অবশ্যই একটা নতুন লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। বর্তমানের সব লাইসেন্সের মেয়াদ 24 নভেম্বর শেষ হয়ে যাবে।

## আপনার যদি লাইসেন্স না থাকে কিন্তু নিচের কোন একটা কাজ যদি করতে থাকেন তাহলে:

আপনাকে অবশ্যই এখনই একটা লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। 24 নভেম্বর তারিখে নতুন আইন কার্যকর হওয়ার সময়ে আপনার যদি লাইসেন্স না থাকে তাহলে আপনি অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছেন।

## কিভাবে আমি আবেদন করব?

আবেদনপত্রের জন্য আপনার লোকাল অথরিটি লাইসেন্সিং টিমের সাথে যোগাযোগ করুন।

আপনার নতুন লাইসেন্স দরকার কিনা সেটা জানা বা নতুন লাইসেন্স করার ব্যাপারে কাজ শুরু করার জন্য সাহায্যের দরকার হলে লাইসেন্সিং এ্যাক্ট ইনফরমেশান লাইনে **020 7072 7447** নম্বরে ফোন করুন (সোম থেকে শুক্রবার, সকাল **8.30** থেকে বিকাল **5.30** পর্যন্ত, স্ট্যান্ডার্ড রেটে কল চার্জ করা হয়)।

নতুন আইনের মাধ্যমে যেসব ব্যবসা প্রভাবিত হবে সেগুলি হল:

রেস্টুরেন্ট  
গভীর রাত পর্যন্ত পরিচালিত টেকএ্যাওয়ে  
অফ লাইসেন্স  
নিত্যপ্রয়োজনীয় দোকান  
হোটেল এবং গেস্টহাউজ  
ভিলেজ অথবা কমিউনিটি হল  
থিয়েটার  
কনসার্ট হল এবং মিউজিক ভেন্যু  
ইনডোর স্পোর্ট ভেন্যু এবং সেন্টার  
প্রমোদ তরী এবং অন্যান্য নৌ যানবাহন  
মেস্বারদের ক্লাব  
সিনেমা  
পাব এবং বার  
নাইটক্লাব  
সুপারমার্কেট

এই তালিকাতে সবকিছু তুলে ধরা হয়নি। আপনি যদি নিশ্চিত না হয়ে থাকেন যে আপনার লাইসেন্স দরকার কিনা তাহলে পরামর্শের জন্য ইনফরমেশান লাইন অথবা আপনার আঞ্চলিক কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন।

ব্যবসা বন্ধ হয়ে যাওয়া অথবা বিচারের সম্মুখিন হওয়ার ঝুঁকি নিবেন না আজই লাইসেন্সের জন্য আবেদন করুন

যোগযোগের বিস্তারিত ঠিকানা

Bengali